# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪০৯

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - পাদুকা সম্পর্কীয় বর্ণনা

الْفَصْلُ الْأَوَّلُ

## আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَزْوَةٍ غَزَاهَا يَقُولُ: «اسْتَكْثِرُوا مِنَ النِّعَالِ فَإِنَّ الرَّجُلَ لَا يَزَالُ رَاكِبًا مَا انتعَلَ» . رَوَاهُ مُسلم

## বাংলা

৪৪০৯-[৩] জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কোন এক যুদ্ধে বলতে শুনেছি, তোমরা জুতা বেশি বেশি ব্যবহার করো। কেননা যে মানুষ জুতা ব্যবহার করে, সে যেন বাহনের উপরেই থাকে। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম (২০৯৬)-৬৬, সহীহ ইবনু হিব্বান ৫৪৫৮, আল জামি‘উস্ সগীর ৯৫৬, সহীহুল জামি‘ ৯৫৪, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩৪৫, মুসনাদে আহমাদ ১৪৬৫৬, শু‘আবুল ঈমান ৬২৬৬, আল মু‘জামুল আওসাত্ব ৫০৮০, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৪৭৮৯, আবূ দাঊদ ৪১৩৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ নিশ্চয় জুতা পরে পথ চলা সওয়ারীর রাস্তায় কাঁটা বা কষ্টদায়ক বস্তু হতে পা নিরাপদ থাকে। আলোচ্য হাদীসের ভাষ্য থেকে বুঝা যায় যে, মুসাফির ব্যক্তিকে জুতা পরিধান কিংবা অন্যান্য প্রয়োজনীয় জিনিস সম্পর্কে সতর্ক করা মুস্তাহাব এবং আমীর কিংবা নেতার জন্য তার অনুসারীদের কল্যাণের নাসীহাত করা মুস্তাহাব। (শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ২০৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75133

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন